B.A./5th Sem (G)/BEN/22(CBCS)

# 2022

# 5th Semester Examination

# BENGALI (General)

## Paper : SEC 3-T

## [শৈলী, কাব্যশৈলী বিচার, গদ্যশৈলী ও নাট্যশৈলী বিচার ]

[CBCS]

Full Marks : 40 Time : Two Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও। ২×৫=১০

১। সংস্কৃত আলংকারিকরা শৈলীকে কী নামে অভিহিত করেছেন?

২। দু'জন প্রাচ্য শৈলীবিদের নাম লেখো।

৩। কবিতার শৈলী বিচারের দু'টি অত্যাবশ্যক শর্ত লেখো।

৪। 'Stylistics' শব্দটি কে প্রথম ব্যবহার করেন? এই শব্দটি সাহিত্যে শৈলীবিজ্ঞান অর্থে প্রথম ব্যবহৃত হয় কত খ্রিস্টাব্দে?

৫। শৈলীবিজ্ঞানকে কয়টি ও কী কী ভাগে ভাগ করা যায়?

৬। 'Style is the man himself' — উক্তিটি কে কোন্ গ্রন্থে করেছিলেন?

P.T.O.

৭। নাট্যবৃত্তের পাঁচটি অবস্থার উল্লেখ করো।

৮। নাট্যশৈলী বিচারের ছয়টি উপাদানের নাম লেখো।

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

৯। পাশ্চাত্য শৈলীচর্চার দু'টি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০। 'আদর্শ গঠন' (Norm) এবং 'বিচ্যুতি' (Deviation) সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

১১। 'প্রমুখন' (Foregrounding) কাকে বলে? 'প্রমুখন' সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

১২। 'সমান্তরালতা' (Parallelism) সম্পর্কে উদাহরণসহ একটি সংক্ষিপ্ত নিবন্ধ উপস্থাপিত করো।

১৩। গদ্যশৈলী ও পদ্যশৈলীর পার্থক্য আলোচনা করো।

১৪। নাট্যশৈলী বিচার-কৌশল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। ১০×১=১০

১৫। রবীন্দ্রনাথের 'ডাকঘর' নাটকের শৈলী বিচার করো।

১৬। "হায় চিল, সোনালী ডানার চিল, এই ভিজে মেঘের দুপুরে
তুমি আর কেঁদো নাকো উড়ে উড়ে ধানসিড়ি নদীটির পাশে।
তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার ম্লান চোখ মনে আসে।
পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে চলে গেছে রূপ নিয়ে দূরে;

আবার তাহারে কেন ডেকে আন?
কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে
হায় চিল, সোনালী ডানার চিল, এই ভিজে মেঘের দুপুরে
তুমি আর উড়ে উড়ে কেঁদো নাকো ধানসিড়ি নদীটির পাশে।"

— শৈলী বিচারে উদ্ধৃত কবিতাটির সৌন্দর্য উদ্ঘাটিত করো।

P.T.O.